



ঘরে বসেই BTRC ওয়েবসাইটে সিম বন্ধ করার সহজ উপায়



সংগৃহীত ছবি

নিজের নামে অপ্রয়োজনীয় বা অচেনা সিমকার্ড থাকলে তা ভবিষ্যতে বড় ধরনের ডিজিটাল ঝুঁকির কারণ হতে পারে। প্রতারণা, আর্থিক জালিয়াতি কিংবা অপরাধমূলক কর্মকাণ্ডে এসব সিম ব্যবহৃত হলে আইনি জটিলতায় পড়ার আশঙ্কাও থাকে।

এ অবস্থায় স্বস্তির খবর হলো—বাংলাদেশে এখন ঘরে বসেই বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (BTRC)-এর অফিসিয়াল ওয়েবসাইট ব্যবহার করে নিজের নামে নিবন্ধিত অপ্রয়োজনীয় সিম বন্ধ করার সুযোগ রয়েছে। এজন্য প্রথমে মোবাইল বা কম্পিউটার থেকে BTRC-এর SIM Management System ওয়েবসাইটে প্রবেশ করতে হবে। ওয়েবসাইটে ঢোকান পর জাতীয় পরিচয়পত্র নম্বর ও জন্মতারিখ দিয়ে ভেরিফিকেশন সম্পন্ন করতে হয়। যাচাই সফল হলে ব্যবহারকারীর নামে নিবন্ধিত সব মোবাইল নম্বরের একটি পূর্ণাঙ্গ তালিকা দেখা যায়।

সেখান থেকে যেসব সিম ব্যবহার করা হচ্ছে না, অচেনা মনে হচ্ছে বা বন্ধ করতে চান—সেগুলোর পাশে থাকা অপশন ব্যবহার করে বন্ধের জন্য আবেদন করা যায়। আবেদন জমা দেওয়ার পর সংশ্লিষ্ট মোবাইল অপারেটর নির্দিষ্ট সময়ের মধ্যে যাচাই শেষে সিমটি স্থায়ীভাবে বন্ধ করে দেয়।

বিশেষজ্ঞরা বলছেন, নিয়মিত নিজের নামে নিবন্ধিত সিম যাচাই ও নিয়ন্ত্রণে রাখলে পরিচয় চুরি, আর্থিক ক্ষতি এবং ডিজিটাল নিরাপত্তা ঝুঁকি অনেকটাই কমানো সম্ভব।